

ভিসা ফরম সংক্রান্ত জরুরি নোটিশ

ইপিএস এর আওতায় দক্ষিণ কোরিয়াগামী সকল প্রার্থীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কোরিয়া এম্বাসি গত ২৩-১১-২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হতে পুনরায় ভিসা এপ্লিকেশন ফরম পরিবর্তন করেছেন যাহার কপি বোয়েসেল এর ওয়েবসাইট এ নিম্নবর্ণিত লিংক পাওয়া যাবে।

ইপিএস এর আওতায় কোরিয়াগামী প্রার্থীগণ ০৫ পাতার ভিসা এপ্লিকেশন ফরম যথাযথভাবে পূরণ করার জন্য নমুনা কপি বোয়েসেল এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইট এ পাওয়া যাবে। তবে কোরিয়া এম্বাসির নির্ধারিত ভিসা এপ্লিকেশন ফরম এর ক্রমিক নং ১.১ হতে ক্রমিক নং ১.৯ এর তথ্য অবশ্যই পূরণ করতে হবে ও ক্রমিক নং ২.১ হতে ক্রমিক ২.২ এর তথ্য সংশ্লিষ্ট প্রার্থীর জানা না থাকলে বোয়েসেল পূরণ করবে এবং ক্রমিক নং ০৩ হইতে ১১ এর তথ্য পূরণ করার বাধ্যবাধকতা নেই।

এমতাবস্থায়, কোরিয়াগামী প্রার্থীদের উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী ভিসা ফরম যথাযথভাবে পূরণ করে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হল। নতুন ভিসা ফরমে তথ্য অসম্পূর্ণ থাকার কারণে কোরিয়া এম্বাসি কর্তৃক ভিসা রিজেক্ট/বাতিল করা হলে বোয়েসেল এর কোন দায়বদ্ধতা থাকবে না।

বোয়েসেল কর্তৃপক্ষ।

বোয়েসেল এর ওয়েবসাইট এর নিম্নবর্ণিত লিংক এ ভিসা এপ্লিকেশন ফরম এর নমুনা ও মূল কপি পাওয়া যাবে :

- **Sample New Visa Application Form under EPS**
- **New Visa Application Form under EPS**